

বিষয়ঃ উত্তাবনী আইডিয়ার কর্মপরিকল্পনা ও বাজেট বিভাজন

শিক্ষাবর্ষঃ ২০১৮

শিরোনামঃ ডিজিটাল উত্তাবনী রিসোর্স রুম- ২য় পর্যায়

উত্তাবনী আইডিয়ার বিস্তারিত কর্মপরিকল্পনাঃ

প্রাথমিক শিক্ষা কার্যক্রম অভিজ্ঞতা থেকে দেখা যায় জাতীয় প্রাথমিক শিক্ষার লক্ষ্য শ্রেণিকক্ষে অনেকাংশে অর্জিত হয় না। প্রাথমিক শিক্ষার লক্ষ্য অর্জনে এবং শিক্ষার্থীদের শারীরিক, আবেগিক, মানসিক ও সামাজিক বিকাশে বহুমুখী, নানাবিধ কার্যক্রম করা প্রয়োজন, কিন্তু নানা প্রতিবন্ধকতার কারণে তা আয়োজন করা সম্ভব হয় না। এসকল সীমাবদ্ধতার কথা বিবেচনা করে ডিজিটাল উত্তাবনী রিসোর্স রুম ২০১৭ পরিকল্পনা ও বাস্তবায়ন করা হয়। এ উত্তাবনী প্রকল্পটি পরবর্তিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অনুমোদন ও বরাদ্দ পায়। ডিজিটাল উত্তাবনী রিসোর্স রুম ২০১৭-এ ৬৬ টি কার্যক্রম পরিচালিত হয় যা শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে আগ্রহ তৈরি করে। এ প্রেক্ষাপট থেকেই ডিজিটাল উত্তাবনী রিসোর্স রুম ২০১৮-এ ২য় পর্যায় চালু করার সিদ্ধান্ত গৃহীত হয় যা ইনোভেশন আইডিয়া হিসেবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইডিয়া বক্সে প্রেরণ করা হচ্ছে।

১) ডিজিটাল উত্তাবনী রিসোর্স রুম - ২য় পর্যায় এর বিবরণঃ

রিসোর্স রুমের কার্যকারিতা পর্যবেক্ষণ করে ২০১৮ সালে রিসোর্স রুমের বাইরেও কিছু কার্যক্রম গ্রহণ করা হয়। যেমন-

- ✓ বিজ্ঞান প্রকল্পের মাধ্যমে শিক্ষার্থীদের পর্যবেক্ষণ ক্ষমতা, সৃজনশীল চিন্তা ও বিজ্ঞানের প্রতি কৌতুহল বৃদ্ধি পাবে। শিক্ষার্থীর বিকাশের কথা চিন্তা করে পিটিয়াইয়ের উন্মুক্ত স্থানে একটি মুক্তমঞ্চ স্থাপন করার চিন্তা করা হয় যেখানে কুইজ প্রতিযোগিতা (২০১৬ সাল থেকে পিটিআইয়ের চলমান একটি প্রতিযোগিতামূলক কার্যক্রম Quiz Premiere League-QPL), আবৃত্তি ও উপস্থিত বক্তৃতা বছর ব্যাপী চলমান থাকবে।
- ✓ খোলামাঠে শ্রেণিভিত্তিক পাঠ্যপুস্তক পর্যালোচনা করে শিক্ষার্থীরা শিক্ষক, প্রফেশনাল ও ইন্সট্রাক্টরদের সহযোগিতায় উপস্থাপন করে বাংলা ও ইংরেজী ভাষার মার্কেট ডে উদযাপন করবে।
- ✓ তাছাড়া রিসোর্স রুমের নিয়মিত কার্যক্রম পাক-প্রাথমিক ও ৫ম শ্রেণি শিক্ষাসফর চলমান থাকবে।
- ✓ তাছাড়া সাড়াবছর নতুন নতুন সৃজনশীল কার্যক্রমের পরিকল্পনা করা হবে।

২) সুনির্দিষ্টভাবে শিক্ষার্থী কোন কোন বিষয়ে পারদর্শীতা অর্জন করবেঃ


- শিক্ষার্থীর আত্মবিশ্বাস
- যোগাযোগ দক্ষতা
- সৃজনশীল চিন্তা ও লেখা
- বৈজ্ঞানিক দৃষ্টিকোন থেকে পর্যবেক্ষণ দক্ষতা

৩) শেষ কথাঃ

রিসোর্স রুমের সকল কার্যক্রম পিটিআইয়ের নিজস্ব উদ্যোগে বাস্তবায়ন করা হয়ে থাকে। ২০১৭ শিক্ষাবর্ষের ডিজিটাল উত্তাবনী রিসোর্স রুম ১ম পর্যায় এর পরিকল্পনা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর উত্তাবনী প্রকল্প হিসেবে ১৫০০০/- টাকা বরাদ্দ প্রাপ্ত হয় যা রিসোর্স রুমের বিভিন্ন উন্নয়ন কাজ বাস্তবায়নে সাহায্য করে। ডিজিটাল উত্তাবনী রিসোর্স রুম- ২য় পর্যায় এর প্রকল্প পরিকল্পনা অনুমোদিত হলে বিদ্যালয় পর্যায়ে সৃজনশীল কার্যক্রম বাস্তবায়ন বেগবান হবে বলে আমরা মনে করি।

বাজেট বিভাজনঃ

ক্র. নং	কার্যক্রম	সম্ভাব্য ব্যয়	টাকার পরিমান
১	শিক্ষাসফর (৫ম শ্রেণি) বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের বাড়ী	● ৫ম শ্রেণির শিক্ষাসফরে পিটিআইয়ের গাড়ী ব্যবহার করা হবে (বরাদ্দ প্রয়োজন নাই)	---
		● আরও দুটি মাইক্রোবাস ভাড়া করা হবে।	৫০০০/-
		● শিক্ষাসফরের আপ্যায়ন বাবদ খরচ	১০০০/-
২	শিক্ষাসফর (প্রাক-প্রাথমিক শ্রেণি) পার্শ্ববর্তী স্থান পান্থশালা ভ্রমণ	● শিক্ষাসফরে পিটিআইয়ের গাড়ী ব্যবহার করা হবে (বরাদ্দ প্রয়োজন নাই)।	---
		● শিক্ষাসফরের আপ্যায়ন বাবদ খরচ	১০০০/-
৩	উন্মুক্ত স্থানে মুক্তমঞ্চ স্থাপন	● পিটিআইয়ের অব্যবহৃত দুটি ডায়াস ব্যবহার করে মঞ্চ স্থাপন করা হবে (বরাদ্দ প্রয়োজন নাই)।	---
		● মুক্তমঞ্চের সংস্কার/ব্যানার	২০০০/-
		● পিটিআইয়ের স্পিকার ব্যবহার করা হবে	---
		● কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের পুরস্কার প্রদান	৫০০০/-
৪	রিসোর্স রুমের জন্য বই ক্রয়	● একুশে বইমেলা ২০১৭ এর মোট ৭০০০ টাকার ক্রয়কৃত বইয়ের সাথে রিসোর্স রুমের বইয়ের সংগ্রহ বৃদ্ধি করার জন্য বই ক্রয়	১০,০০০/-
৫	বিবিধ		১০০০/-
		মোট=	২৫,০০০/-



(রোখসানা পারভীন)
সুপারিনটেনডেন্ট
পিটিআই রায়পুরা, নরসিংদী।